অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

অভিবাসীদের কমিউনিটি জীবন, অধিকতর শিক্ষা, এবং কর্মীদলের দিকে উত্তরণের ক্ষেত্রে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ইনস্টিটিউট ফর ইমিগ্রেশন ইন্টিগ্রেশন রিসার্স এন্ড পলিসি চালু করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

সামনের মাসগুলোতে কমিউনিটি নেতৃবৃন্দের অ্যাডভাইজরি বোর্ড যুগান্তকারী নীতিমালা প্রণয়নের কাজ শুরু করবে এবং একজন এক্সিকিউটিভ ডিরেক্টর এবং অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর নির্বাচন করবে বলে নিশ্চিত করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ অভিবাসীদের কমিউনিটি জীবন, অধিকতর শিক্ষা, এবং কর্মীদলের দিকে উত্তরণের ক্ষেত্রে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ইনস্টিটিউট ফর ইমিগ্র্যান্ট ইন্টিগ্রেশন রিসার্চ এন্ড পলিসি চালু করার ঘোষণা দিয়েছেন। এই ইনস্টিটিউট, যেটি 2023 অর্থবছরের বাজেটে তহবিল বরাদ্দ পেয়েছে, স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York)-এর সরকারি নীতিমালা বিষয়ক থিংক ট্যাংক, রকফেলার ইনস্টিটিউট অব গভর্নমেন্ট (Rockefeller Institute of Government)-এ অবস্থিত হবে। এই ঘোষণা কমিউনিটি নেতৃবৃন্দের একটি অ্যাডভাইজরি বোর্ড নির্বাচন করার সময়ে দেওয়া হলো, যারা সামনের মাসগুলোতে যুগান্তকারী নীতিমালা প্রণয়নের কাজ শুরু করবে এবং একজন এক্সিকিউটিভ ডিরেক্টর এবং অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর নির্বাচন করবে।

"নিউ ইয়র্ক বহু প্রজন্মের অভিবাসীদের কঠোর পরিশ্রম ও নিবেদিত প্রচেষ্টার ভিত্তিতে গড়ে উঠেছে, এবং এই ইনস্টিটিউট সেসব ব্যক্তিদের জীবন উন্নত করতে কাজ করবে যারা নিজেদের জন্য এবং নিজেদের পরিবারের জন্য উন্নত জীবন গড়ে তোলার জন্য চেষ্টা করে যাচ্ছেন," **বলেছেন গভর্নর হোকল।** "নতুন নিউ ইয়র্কবাসীদের জন্য প্রতিবন্ধকতা অপসারণ করার মাধ্যমে, আমরা তাদেরকে নিউ ইয়র্কের কমিউনিটিতে আরো ভালোভাবে একীভূত হতে এবং নিউ ইয়র্কের স্বপ্নের নাগাল পেতে সাহায্য করতে পারি।"

এখানে এসে পৌঁছানোর পরে, অভিবাসীরা প্রায় ক্ষেত্রেই ইংরেজি ভাষা শেখা, তাদের সন্তানদের স্কুলের সঙ্গে মানিয়ে নিতে সাহায্য করা, নিরাপদ ও সাশ্রয়ী আবাসন খুঁজে নেওয়া, জীবন যাপনের উপযোগী বেতনের কর্মসংস্থানের ব্যবস্থা করা, সেইসাথে কর্মস্থলে যাওয়ার জন্য নিরাপদ পরিবহনের ব্যবস্থা করা, এবং লভ্য পরিষেবাগুলো অ্যাক্সেস করার জন্য সংগ্রামে লিপ্ত হয়ে পড়েন—প্রায় ক্ষেত্রেই নির্বাসিত হওয়ার ভয়ে। এই ইনস্টিটিউটের এক্সিকিউটিভ ডিরেক্টর এবং অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর রিয়েল-টাইম অভিবাসন, অর্থনৈতিক, শ্রম সংক্রান্ত, এবং অন্যান্য

ডাটা বিশ্লেষণ করবেন এবং সব বয়সের, জাতীয়তার, ও পটভূমির অভিবাসীদের সহায়তা করার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতা পূরণে সাহায্য করতে নীতিনির্ধারকদের জন্য সম্ভাব্য সমাধান চিহ্নিত করবেন।

এই ইনস্টিটিউটের চালু হওয়াটা অভিবাসীদের সুরক্ষিত রাখার জন্য গভর্নর হোকলের মিশনকে অনুসরণ করছে, যেসব অভিবাসীর মধ্যে যারা কাগজপত্রবিহীন অবস্থায় আছেন, যারা নিজেদের দেশ ত্যাগ করতে বাধ্য হয়েছেন তারাও অন্তর্ভুক্ত রয়েছেন। 2021 সালের অক্টোবর মাসে, গভর্নর কোনো ব্যক্তির অভিবাসনগত অবস্থা প্রকাশ করার হুমকিকে নিউ ইয়র্কের আইন অনুযায়ী চাঁদাবাজি বা ভীতি প্রদর্শন হিসেবে রিপোর্ট করার জন্য শ্রেণিবদ্ধ করে আইন (S.343-A/A.3412-A) স্বাক্ষর করেছেন। তিনি আফগানিস্তান ও ইউক্রেন থেকে আসা উদ্বাস্তুদের সাহায্য করার জন্য শিক্ষা ও আবাসনের সুযোগ উন্মুক্ত করেছেন।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance, OTDA) তথ্য অনুযায়ী 2021 সালে 900 শরণার্থী এবং বিশেষ অভিবাসী ভিসা (SIV) ধারী ব্যক্তি নিউ ইয়র্ক স্টেটে পুনর্বাসিত হয়েছেন, যারা প্রধানত ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো, সিরিয়া, আফগানিস্তান, ও বার্মা থেকে এসেছেন। এছাড়াও গত 12 মাসে, কমপক্ষে 1,300 আফগান শরণার্থী NYS-এ পুনর্বাসিত হয়েছেন।

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "এই ইনস্টিটিউট তৈরির প্রচেষ্টায় নেতৃত্ব দিতে পেরে আমি গর্বিত, যেটি আমাদের স্টেটের বৃহৎ ও ক্রমবর্ধমান অভিবাসী কমিউনিটিগুলোর সামাজিক, অর্থনৈতিক, ও রাজনৈতিক অন্তর্ভুক্তি উন্নত করবে এমন নীতিমালা প্রণয়ন উন্নত করতে সাহায্য করার প্রতি মনোযোগী হবে। SUNY-এর মেধাবী এবং সংশ্লিষ্ট খাতের বিশেষজ্ঞদের বিস্তৃত সম্মিলন অসাধারণ গবেষণা এবং নীতিমালা সুপারিশের প্রতিশ্রুতি দিচ্ছে যা সব নিউ ইয়র্কবাসীর জীবন উন্নত করবে। অ্যাসেম্বলি স্পিকার কার্ল ই. হিয়েস্টি এবং অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের দ্বারা এই ইনস্টিটিউটের জন্য প্রদান করা শক্তিশালী আর্থিক সহায়তা শুধু অভিবাসীদের স্বাগত জানানোর ক্ষেত্রেই নয়, বরং তারা যাতে তাদের আমেরিকান ড্রিম পূরণ করতে পারেন তা নিশ্চিত করতে কাজ করে যাওয়ার ক্ষেত্রেও দেশের নেতৃস্থানীয় অবস্থান ধরে রাখতে পারে সে বিষয়টি নিশ্চিত করা অব্যাহত রাখার ক্ষেত্রে গৃহীত একটি বৃহৎ পদক্ষেপ।"

SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন, "SUNY ক্যাম্পাসগুলোতে রয়েছে বিশ্বের সবচেয়ে বৈচিত্র্যপূর্ণ শেখার সুযোগ, এবং সেগুলো জীবনের সব স্তর, দেশ, ও পটভূমি থেকে আসা শিক্ষার্থীদের স্বাগত জানায়। রকফেলার ইনস্টিটিউট অব গভার্নমেন্ট এই ইনস্টিটিউটের ঠিকানা হতে যাচ্ছে এবং অভিবাসীদের সহায়তা করা এবং স্বাগত জানানো এবং তাদের সফলতা নিশ্চিত করার জন্য আমাদের স্টেটের দীর্ঘদিন ধরে চলে আসা অঙ্গীকারাবদ্ধতা এগিয়ে নেওয়ার জন্য এটির অতি প্রয়োজনীয় কাজকে সহজতর করতে যাচ্ছে দেখে আমরা সম্মানিত বোধ করছি। এই ইনস্টিটিউট তৈরি করার মধ্য দিয়ে একটি অতি গুরুত্বপূর্ণ নীতিমালার প্রয়োজন পূরণ করায় আমি গভর্নর হোকলকে এবং আইনসভাকে - বিশেষ করে অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজকে ধন্যবাদ জানাই, এবং আমাদের অ্যাডভাইজরি বোর্ডের সম্মানিত সদস্যদের প্রতি তাদের সেবার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

এই ইনস্টিটিউটের অ্যাডভাইজরি বোর্ড প্রসিদ্ধ নেতৃবৃন্দের একটি বিস্তৃত ভিত্তির গ্রুপ যারা অভিজ্ঞতা ও সম্পর্কের একটি ব্যাপক সম্মিলনের পাশাপাশি এই ইনস্টিটিউটের কাজের মধ্য দিয়ে অভিবাসীদের একীভূতকরণে অবদান রাখার অঙ্গীকারাবদ্ধতা শেয়ার করেন। এই অ্যাডভাইজরি বোর্ড—যেটি এই ইনস্টিটিউটকে গবেষণা, কর্মসূচি, তহবিল উত্তোলন কর্মসূচি, এবং কমিউনিটি ইভেন্ট ইত্যাদি সম্পর্কে নির্দেশনা ও পরামর্শ প্রদান করবে—এর মধ্যে রয়েছে:

উইলমা অ্যালভারাডো-লিটল, MA, MSW, ডিরেক্টর অব মাইনরিটি হেলথ এন্ড হেলথ ডিসপ্যারিটি প্রিভেনশন, NYSDOH

ড. লরা অ্যাঙ্কার, প্রফেসর, আমেরিকান স্টাডিজ, SUNY ওল্ড ওয়েস্টবারি

মুরাদ আওয়াদেহ, এক্সিকিউটিভ ডিরেক্টর, নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন (New York Immigration Coalition)

মার্কোস ক্রেসপো, বোর্ড ট্রাস্টি, SUNY

ড. আইজ্যাক এরলিচ, প্রফেসর, ইকোনোমিক্স, ইউনিভার্সিটি অ্যাট বাফেলো (University at Buffalo)

লুসিয়া গোমেজ, পলিটিকাল ডিরেক্টর, নিউ ইয়র্ক সিটি সেন্ট্রাল লেবার কাউন্সিল, AFL-CIO

লরা-গঞ্জালেস-মার্ফি, এক্সিকিউটিভ ডিরেক্টর, অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans), NYS ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State)

রামোনা হার্নান্দেজ, ডিরেক্টর অব CUNY ডমিনিকান স্টাডিজ ইনস্টিটিউট, CUNY

পাওলা মার্টিনেজ, কমিউনিটি অর্গানাইজার

সিজার পেরালেস, বোর্ড অব ট্রাস্টিজ ভাইস চেয়ারম্যান, SUNY

ড. ডিনা রেফিকি, সেন্টার ফর উইমেন ইন গভার্নমেন্ট এন্ড সিভিল সোসাইটি (Center for Women in Government & Civil Society)-এর ডিরেক্টর, ইউনিভার্সিটি অ্যাট আলবানি (University at Albany)

জেনিফার রিজো-চোই, এক্সিকিউটিভ ডিরেক্টর, ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলো (International Institute of Buffalo)

জো-অ্যান ইও, এক্সিকিউটিভ ডিরেক্টর, এশিয়ান আমেরিকান ফেডারেশন (Asian American Federation)

ইউনিভার্সিটি অ্যাট আলবানি-এর সেন্টার ফর উইমেন ইন গভার্নমেন্ট এন্ড সিভিল সোসাইটি-এর ডিরেক্টর ড. ডিনা রেফকি বলেন, "এই ইনস্টিটিউট অভিবাসীদের একীভূতকরণের ক্ষেত্রে একটি অনন্য স্থান দখল করবে। একীভূতকরণ নিয়ে কাজ করতে আগ্রহী শিক্ষার্থীদের প্রস্তুতি জোরদার করার জন্য এবং ইমিগ্র্যান্ট ইন্টিগ্রেশন পেশাজীবীদের পরবর্তী প্রজন্মের প্রশিক্ষণ সমৃদ্ধ করার জন্য এটি তৈরি করা হয়েছে। এটি এমন জ্ঞান তৈরি করবে যা অভিবাসী কর্মীদের উন্নয়ন ত্বরান্বিত করতে এবং স্বাস্থ্য ও সামাজিক পরিষেবাগুলোতে অভিবাসীদের অ্যাক্সেস উন্নত করতে সচেষ্ট হবে। এছাড়াও এই ইনস্টিটিউট গবেষণা এবং ডাটা-ভিত্তিক নীতিমালা বিশ্লেষণের মাধ্যমে নিউ ইয়র্কের অভিবাসীদের একীভূতকরণ সংক্রান্ত নীতিমালা প্রক্রিয়াসমূহকে অবহিত করবে।"

ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলো-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জেনিফার রিজো-চোই বলেন, "নতুন চালু হওয়া ইনস্টিটিউট ফর ইমিগ্র্যান্ট ইন্টিগ্রেশন রিসার্স এন্ড পলিসি (Institute for Immigrant Integration Research & Policy)-এর অ্যাডভাইজরি বোর্ডের একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করার সুযোগ পেয়ে আমি সম্মানিত বোধ করছি। নিউ ইয়র্ক সবসময় আমাদের স্টেটে অভিবাসী ও শরণার্থীদের স্বাগত জানানোর ক্ষেত্রে উৎকর্ষতার প্রমাণ দিয়েছে। ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলোতে আমাদের অঞ্চলের অভিবাসী ও শরণার্থীদের একীভূত করার মাধ্যমে, আমাদের কমিউনিটির নিত্যদিন উপভোগ করা অনন্য ও বৈচিত্র্যপূর্ণ কাঠামো তৈরি করতে সাহায্য করার 100 বছরেরও বেশি সময়ের অভিজ্ঞতা আমাদের রয়েছে। আমরা অত্যন্ত গর্বিত যে আমাদের নতুন প্রতিবেশীদের গ্রহণ করে নেওয়া এবং একীভূত করার ক্ষেত্রে স্টেটের মধ্যে নেতৃস্থানীয় ভূমিকা পালনকারীদের মধ্যে বাফেলোও রয়েছে। এই স্টেটব্যাপী ইনস্টিটিউট চালু হওয়ার মধ্য দিয়ে, আমাদের কমিউনিটি ও কর্মীদলে শরণার্থী ও অভিবাসীদের স্বাগত জানানোর ক্ষেত্রে নিউ ইয়র্ক যাতে আরো বেশি কর্মদক্ষ হয়ে উঠে সে বিষয়টি নিশ্চিত করতে ভূমিকা পালন করার সুযোগ পেয়ে আমি উচ্ছসিত বোধ করছি।"

এশিয়ান আমেরিকান ফেডারেশন-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জো-অ্যান ইও বলেন, "একজন অভিবাসী এবং যুক্তরাষ্ট্রে কলেজ শিক্ষা গ্রহণকারী আমার পরিবারের প্রথম সদস্য হিসেবে, SUNY-এর ইনস্টিটিউট ফর ইমিগ্র্যান্ট ইন্টিগ্রেশন রিসার্চ এন্ড পলিসি-এর অ্যাডভাইজরি বোর্ডের অংশ হওয়ার জন্য আমন্ত্রণ পাওয়ায় আমি আবেগ আপ্লুত ও সম্মানিত বোধ করছি। এই উদ্যোগ অভিবাসীরা যাতে নিজেদের দক্ষতা শাণিত করার পর্যাপ্ত সুযোগ পায় তা নিশ্চিত করতে সাহায্য করবে এবং নিউ ইয়র্ক স্টেটকে নতুন আগমনকারী সবার জন্য উদ্ভাবনকে স্বাগত জানানো একটি স্থান হিসেবে তৈরি করার ক্ষেত্রে অবদান রাখবে। শোষণ, পূর্বসংস্কার, এবং তাদের অন্তর্ভুক্তি ও একীভূত হওয়াকে বাধাগ্রস্ত করা অন্যায্য নীতিমালার সম্মুখীন হওয়া সত্ত্বেও, অভিবাসীরা কিভাবে দেশ জুড়ে ছোট টাউন ও বড় শহরগুলোতে অর্থনীতি গড়ে তোলা এবং টিকিয়ে রাখা অব্যাহত রেখেছেন তা দেখার জন্য আমাদের ইতিহাসের দিকে নজর দেওয়াই যথেষ্ট হবে। এই ইতিহাসের উপর ভিত্তি করে গড়ে উঠার এবং নিউ ইয়র্ক স্টেটের সামাজিক ও অর্থনৈতিক কাঠামোকে শক্তিশালী করার জন্য নতুন ধারণা ও

মেধাবী লোকজনকে বেড়ে উঠার সুযোগ করে দেওয়ার লক্ষ্য নিয়ে গৃহীত এই প্রচেষ্টার অংশ হতে পেরে আমি গর্বিত বোধ করছি।"

রকফেলার ইনস্টিটিউট অব গভর্নমেন্ট সম্পর্কে

রকফেলার ইনস্টিটিউট অব গভর্নমেন্ট হচ্ছে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর থিংক ট্যাংক, যা নিউ ইয়র্ক স্টেট এবং দেশের সম্মুখীন হওয়া সমস্যাগুলোর স্থায়ী সমাধানের ব্যবস্থা করতে তথ্য দিয়ে সাহায্য করার জন্য সর্বাধুনিক গবেষণা ও বিশ্লেষণ পরিচালনা করছে। এই ইনস্টিটিউটের মিশন হচ্ছে সত্যিকারের, প্রমাণ-ভিত্তিক সমাধান অর্জনের জন্য কাজ করতে কমিউনিটিগুলো, স্টেট ও স্থানীয় সরকারগুলো, এবং ফেডারেল সিস্টেমের সক্ষমতা উন্নত করা। এই মিশনের অংশ হিসেবে, এই ইনস্টিটিউট SUNY-এর 64টি ক্যাম্পাসের গবেষণা দক্ষতা কাজে লাগায়, সিস্টেমজুড়ে স্কলারদের সংযুক্ত করে এবং এটি এই ইনস্টিটিউটকে নতুন ও উদীয়মান নীতিমালার ক্ষেত্রগুলোতে দ্রুত ঝাপিয়ে পড়ার সুযোগ করে দেয়। SUNY-এর প্রফেসররা প্রায় ক্ষেত্রেই রকফেলার ইনস্টিটিউটের অনুদান প্রস্তাবগুলোতে অন্তর্ভুক্ত থাকেন এবং এই ইনস্টিটিউটের রয়েছে ইভেন্ট ও ফোরামের জন্য ক্যাম্পাসগুলোর সাথে কাজ করার দীর্ঘ ট্র্যাক রেকর্ড। সেইসাথে, রকফেলার ইনস্টিটিউট SUNY-এর শিক্ষার্থীদের জন্য সেন্টার ফর ল এন্ড পলিসি সল্যুশন্স (Center for Law & Policy Solutions)-এর ইন্টার্নশিপ প্রোগ্রাম এবং ফিউচার লিডার্স ইন পলিসি (Future Leaders in Policy) প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ প্রদান করছে, যেখানে আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট গবেষণার উপর আলোকপাত করা হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418